

আগামী শিক্ষাবর্ষে ষষ্ঠ থেকে নবম শ্রেণীতে নতুন পাঠ্যক্রমে বই

যাযায়দিন রিপোর্ট

২০১৩ শিক্ষাবর্ষে ষষ্ঠ থেকে নবম শ্রেণীর শিক্ষার্থীরা জাতীয় শিক্ষানীতির আলোকে শ্রেণীত নতুন শিক্ষা ও পাঠ্যক্রমে বিনামূল্যে বই পাবে। চলতি বছর ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণীর ৭টি বই প্রকাশ করা হয়েছে। আগামী বছর ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণীর ৪১টি এবং নবম-দশম শ্রেণীর বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার ২৭টি বই নতুন শিক্ষাক্রমে প্রকাশ করা হবে।

নতুন শিক্ষাক্রমে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস, বাংলা একাডেমীর অনুসরণে প্রমিত বানানরীতি প্রয়োগ, মন্ত্রণা-ইংরেজি অভিধান-সংগ্রহণ শিক্ষায় সমন্বিত বিষয় ব্যবস্থাপনা, কর্মমুখী শিক্ষা পদ্ধতির অনুসরণ, দৈনিক শিক্ষার ওপর গুরুত্বরূপ এবং তথ্যপ্রযুক্তির ব্যবহারসহ বিভিন্ন নতুনত্ব থাকবে। যোববার ২০১৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তকের অগ্রপত্রের বিষয়ে খোঁজ খবর নিতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি) উপস্থিত হন। এ সময় পুরনো জরুরি নীতি ও মানসম্মত বই শিক্ষার্থীদের হাতে পৌঁছে নিতে দায়িত্বপ্রাপ্ত এনসিটিবির কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। এনসিটিবির চেয়ারম্যান প্রফেসর মোস্তফা কামালউদ্দিনের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ের অতিথিত সচিব মো. ইকবাল হান চৌধুরী, মুখ্য সচিব (মাধ্যমিক) এএস মাহমুদ প্রমুখ বক্তৃতা করেন। সভায় মন্ত্রী বলেন, সরকার এবার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম দুগুণপযোগী পরিষর্জনের উদ্যোগ নিয়েছে। এটি একটি বড় চ্যালেঞ্জ। ১৫ বছর পর অল্প সময়ের মধ্যে শিক্ষাক্রম দুগুণপযোগী করা একটি বিশাল কর্মসূচি। তিনি এনসিটিবির সূচনামূলক পদক্ষেপ গ্রহণ করা হবে বলেও জানান।